

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)

ময়মনসিংহ।

[www.nape.gov.bd](http://www.nape.gov.bd)

স্মারক নং- ৩৮.০৪.০০০০.৪০১.১৬.২৫৫.০১.১৯-

২৯৬/৩

তারিখ: ০৩.০৬.২০২১ খ্রি:

শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান: মহাপরিচালক, নেপ, ময়মনসিংহ -এর অফিস কক্ষ।

তারিখ: ০৩ জুন ২০২১ খ্রিঃ

সভাপতি: জনাব মোঃ শাহ আলম (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, নেপ, ময়মনসিংহ।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে প্রেরিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ সীট ২০১৬-২০১৭ এর ৪০১ অনুচ্ছেদ এবং 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এর ৬.৩ ধারা অনুযায়ী জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ-এর শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটির সভা ০৩/০৬/২০২১ খ্রি: তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০টায় নেপ এর মহাপরিচালক ও কমিটির সভাপতি জনাব মো: শাহ আলম (অতিরিক্ত সচিব) এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে সামাজিক দুরত্ব ও যথাযথ স্বাস্থ্য বিধি মেনে অনুষ্ঠিত হয়। সভাপতি উক্ত কমিটির সদস্য সচিব জনাব দিলীপ কুমার সরকার, প্রোগ্রামার, নেপকে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সদস্যসচিব গত ৩০ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মে ২০২১ মাসের সমন্বয় সভার বার্ষিকবিবরণীর ৩ নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর শুদ্ধাচার কৌশল পুরস্কার প্রদানপূর্বক আগামী ০৩ জুন ২০২১ তারিখের মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে মর্মে সভায় উপস্থাপন করেন। নেপ শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটির সকল সদস্য সভায় উপস্থিত ছিলেন (পরিশিষ্ট-ক)।

সভার আলোচ্য বিষয় নিম্নরূপ:

১. শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এর ৬.৩ ধারা অনুযায়ী জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ-এ শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন
১. শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এর ৬.৩ ধারা অনুযায়ী জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ-এ শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান।	জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) শুদ্ধাচার চর্চা, নৈতিকতা, পেশাগত দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, শৃঙ্খলাবোধ, সময়ানুবর্তিতা, তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা, স্বপ্রণোদিত তথ্য প্রকাশে আগ্রহ এবং অর্পিত দায়িত্ব ও কার্যক্রম সঠিক সময়ে এবং সঠিকভাবে বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সক্রিয় ভূমিকা পালনের জন্য ২০২০-২০২১ অর্থ বছরের জন্য নেপ এর ১-১০ গ্রেডের কর্মচারীদের মধ্য থেকে জনাব রঞ্জাল রায়, উর্ধ্বতন বিশেষজ্ঞ এবং ১১-২০ গ্রেডের কর্মচারীদের	শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটি

	<p>মধ্য থেকে জনাব মোঃ মোমিনুল হক, অফিস সহায়ক, নেপকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। পুরস্কার হিসেবে তিনি সংশ্লিষ্ট খাত হতে মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন এবং একটি সার্টিফিকেট প্রাপ্য হবেন।</p>	
--	---	--

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মোঃ শাহ আলম)  
 মহাপরিচালক  
 ফোন: ০৯১-৬৬৩০৫  
 mail: dgnape@gmail.com

স্মারক নং- ৩৮.০৪.০০০০.৪০১.১৬.২৫৫.০১.১৯- ২৭৫/৮ (৩২)

তারিখ: ০৩.০৬.২০২১ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব মোঃ ইউসুফ আলী, পরিচালক, নেপ, ময়মনসিংহ।
৩. জনাব রঞ্জাল রায়, উর্ধ্বতন বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ।
৪. জনাব মোহাম্মদ আহসান ইবনে মাসুদ, উর্ধ্বতন বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ।
৫. জনাব দিলরুবা আহমেদ, উপপরিচালক (প্রশাসন), নেপ, ময়মনসিংহ।
৬. জনাব এ কে এম মনিরুল হাসান, উপপরিচালক (মূল্যায়ন), নেপ, ময়মনসিংহ।
৭. জনাব মোঃ আবু হারেছ, বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ।
৮. জনাব দিলীপ কুমার সরকার, প্রোগ্রামার, নেপ, ময়মনসিংহ।
৯. মীর মোঃ আরিফুর রহমান, সহকারী বিশেষজ্ঞ
১০. জনাব মোঃ মাহমুদুল হাসান, সহকারী বিশেষজ্ঞ
১১. জনাব মোহাম্মদ হাবিবুর রহমান, হিসাব রক্ষণ কর্মকর্তা, নেপ, ময়মনসিংহ।
১২. জনাব মোঃ মোমিনুল হক, অফিস সহায়ক, নেপ, ময়মনসিংহ।

  
 (মোঃ শাহ আলম)  
 মহাপরিচালক  
 ফোন: ০৯১-৬৬৩০৫